



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
কার্যালয়ঃ ৩৪৬/২, ঢোলাদিয়া রোড, কাঠগোলা বাজার, ময়মনসিংহ।
ফোন : ০৯১-৬৩৩৩৩ (অনুসন্ধান)
www.mymensingheducationboard.gov.bd



নং- মশিবো/বিদ্যা/১৫/২০১৯/৪৭০

তারিখ : ২৫/০৮/২০২২ খ্রিঃ

বিষয় : ব্যাখ্যা প্রদান প্রসঙ্গে।

সূত্র : ম্যানেজিং অনুমোদনের জন্য তাঁর ২৬/০৭/২০২২ খ্রিঃ তারিখের একখানা আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্র মূলে তাঁর বিদ্যালয়ে নিয়মিত ম্যানেজিং কমিটি অনুমোদনের জন্য ই-সেবার আইডি নম্বর- ৪৯১৩ তারিখঃ ২৬/০৭/২০২২ খ্রিঃ মোতাবেক একখানা আবেদন প্রেরণ করেন।

কাগজপত্র যাচাই এ দেখা যাচ্ছে, বিদ্যালয়ে বিগত নিয়মিত ম্যানেজিং কমিটি মেয়াদোত্তীর্ণ হয় ১২/১২/২০২১ খ্রি. তারিখে এবং প্রস্তাবিত ম্যানেজিং কমিটির দাতা সদস্যের নিকট হতে এককালীন দাতা সদস্য হওয়ার জন্য প্রয়োজনীয় অর্থ সংগ্রহ করা হয় ০৭/০২/২০২২ খ্রি. তারিখে, যা স্পষ্টতঃ ম্যানেজিং কমিটি মেয়াদোত্তীর্ণের পরে সংগ্রহ করা হয়েছে। ম্যানেজিং কমিটি গঠন সংক্রান্ত প্রজ্ঞাপন এস.আর.ও নং-৯৯-আইন/২০০৯ এর ধারা ২(চ)(আ) অনুসারে দাতা সদস্য হওয়ার নিমিত্তে ম্যানেজিং কমিটির মেয়াদ উত্তীর্ণের অন্ততঃ ১৮০ দিন পূর্বে উক্ত শিক্ষা প্রতিষ্ঠানের অনুকূলে নগদ অথবা চেকের মাধ্যমে এককালীন ২০,০০০/- (বিশ হাজার) জমা প্রদান করতে হবে।

এমতাবস্থায়, কী কারণে এমন বিধিবহির্ভূত কার্যাবলী সম্পাদন করেছেন তা এ পত্র ইস্যুর তারিখ হতে ৭ (সাত) কর্ম দিবসের মধ্যে সুস্পষ্ট কারণ ব্যাখ্যা করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

প্রাপক : প্রধান শিক্ষক(ভারপ্রাপ্ত)
ফুলকোচা উচ্চ বিদ্যালয় (EIN: 110096)
উপজেলা : মেলান্দহ, জেলা : জামালপুর।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে
স্বাঃ
উপ-বিদ্যালয় পরিদর্শক
পক্ষে- বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ময়মনসিংহ।

মেমো নং- ৪৭০(৫)

তারিখ: ২৫/০৮/২০২২ খ্রিঃ

অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। উপজেলা নির্বাহী অফিসার, মেলান্দহ, জামালপুর।
- ২। উপজেলা একাডেমিক সুপারভাইজার ও নির্বাচনের প্রিজাইডিং অফিসার, মেলান্দহ, জামালপুর।
- ৩। সহকারি প্রোগ্রামার, ময়মনসিংহ শিক্ষা বোর্ড (পত্রটি অত্র বোর্ডের ওয়েবসাইটে প্রকাশ অনুরোধসহ)।
- ৪। সভাপতি, এডহক কমিটি, “ফুলকোচা উচ্চ বিদ্যালয়”, মেলান্দহ, জামালপুর।
- ৫। অফিস কপি।

২৫.০৮.২০২২ খ্রিঃ

উপ-বিদ্যালয় পরিদর্শক
পক্ষে- বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ময়মনসিংহ।